



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
আইসিটি সেল

...

সভাপতি মোঃ সেলিম ভূঁইয়া
ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ ০৮.০৭.২০২১ ইং
সভার সময় বেলা ১১.০০ ঘটিকা
স্থান অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী সকল কর্মকর্তাবৃন্দ
সভাপতি Zoom Cloud Meeting Link এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান এবং সভার আলোচ্যসূচী
উপস্থাপন করতঃ সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্রং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
১	বার্ষিক উদ্ভাবন কর্ম- পরিকল্পনার স্ব-মূল্যায়ন চূড়ান্তকরণ	আরপিসিএল এর ২০২০-২১ অর্থবছরের প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহ সভায় উপস্থাপন করত বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মিতক্রমে মূল্যায়ন চূড়ান্ত করা হয়। বার্ষিক স্ব-মূল্যায়িত অর্জন ১০০।	১। বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যেই বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। ২। সকল প্রমিতক সমূহ যথাযথভাবে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। প্রয়োজন হলে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল
২	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর খসড়া প্রস্তুতকরণ	সভায় ২০২১-২২ অর্থবছরের খসড়া উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। ২০২০-২১ অর্থ বছরের ন্যায় ২০২১-২২ এর একটি খসড়া কর্মপরিকল্পনা প্রস্তুত করে রাখা হবে। বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তীতে সংশোধন করে চূড়ান্ত করা হবে। সভায় সভাপতি উপস্থিত সকলকে নতুন অর্থ-বছরের ইনোভেশন আইডিয়া প্রদানের প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রত্যেক আইডিয়া প্রদানকারী কর্মকর্তা নিজস্ব আইডিয়া বাস্তবায়নে যাবতীয় কার্যাবলী সম্পাদন করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে অনুমোদন সাপেক্ষে বাজেট সহ অন্যান্য বিষয়ে সংস্থা হতে সহোযোগিতা প্রদান করা হবে।	১। মোঃ সারোয়ার জাহান সহকারী ব্যবস্থাপক (আইসিটি) খসড়া বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত করবেন। ২। উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ৫ লাখ থেকে বাড়িয়ে ১৫ লাখ করার নির্দেশনা প্রদান করা হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল

৩	ইনোভেশন কমিটি পুনর্গঠন	আরপিসিএল এর সদর দপ্তরসহ সকল বিদ্যুৎ কেন্দ্রে ইনোভেশন কমিটি রয়েছে। বদলি জনিত বা অন্য যেকোন কারণে বর্তমান কমিটি নীতিমালা অনুযায়ী পুনর্গঠন করা যেতে পারে।	সকল বিদ্যুৎকেন্দ্রের বর্তমান বা পুনর্গঠিত ইনোভেশন কমিটির তালিকা আগামী ১০.০৮.২১ ইং তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করবেন।	সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ
---	------------------------	--	--	-----------------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি করোনা ভাইরাস সংক্রমণ রোধে সর্বোচ্চ সতর্কতাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম হুঁইয়া
ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক
(প্রকৌশল), আরপিসিএল


স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.১৮

তারিখ: ২৬ আষাঢ়. ১৪২৮

১০ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
- ২) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৩) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ জিল্লুর রহমান
ব্যবস্থাপক